

## বীজমঞ্জ

▣ পায়েল দেব

এভাবেই একটু একটু করে  
ফুরফুরে বিকেনগুলি বিক্রি করি  
সোনালি সূর্যাস্তের কাছে।  
বুকের বোতামগুলি  
রাত্রির কাছে বন্ধক রেখে,  
অনায়াসে ফেরি করে ফিরি,  
ঘুমের ওষুধ।  
কয়েকটি নিশ্চিন্ত ঘুমের আশায়,  
রাত বুকে নিয়ে আরাধনা করি  
মধ্যবিভ স্বপ্নের বেঁচে থাকার।  
শয়নকক্ষ থেকে পালিয়ে যেতে দিই,  
বহুদূর,  
আসন্ন বিপ্লবের মিছিলে...

একদিন হঠাৎ দেখি  
স্বপ্নগুলো নদী হয়ে গেছে...